igniting ideas, shaping futures

INCEPTION

Igniting ideas, shaping futures

Presents

MATHEMATICS OLYMPIAD

2026

THINK/SOLVE/RISE

Official Rulebook

সূচিপত্র (Table of Contents)

1. Mathematics Olympiad Written Exam

পরীক্ষার ফরম্যাট, ক্যাটাগরি, সিলেবাস, নম্বর বণ্টন, Wrong Question ও Chocolate Problem

2. Awards & Blitz Selection

Blue in Mathematics ও Blitz-এর যোগ্যতা নির্ধারণ

3. Blitz Mathematics

অংশগ্রহণকারী নির্বাচন ও নিয়মাবলী

4. Treasure Hunt

দল গঠন, নির্বাচন ও ধাঁধা-অভিযানের নিয়ম

5. Art Competition

অংশগ্রহণ, মৌলিকত্ব ও মূল্যায়ন

6. Science Project Showcase

প্রজেক্ট ক্যাটাগরি, নম্বর বণ্টন ও পুরস্কার

7. Event Schedule

দিনব্যাপী কার্যক্রমের সময়সূচি

Mathematics Olympiad - Written Exam

পরীক্ষার ফরম্যাট, ক্যাটাগরি ও নম্বর বণ্টন

Examination Format

এটি একটি লিখিত গণিত প্রতিযোগিতা। প্রত্যেক শিক্ষার্থীকে একটি প্রশ্নপত্র প্রদান করা হবে এবং প্রশ্নপত্রেই উত্তর লেখার জন্য নির্দিষ্ট স্থান বরাদ্দ থাকবে। শিক্ষার্থীদের নির্ধারিত স্থানেই সমাধান লিখে জমা দিতে হবে। প্রয়োজনীয় রাফ কাজের জন্য আলাদা কাগজ প্রদান করা হবে।

> **পরীক্ষার সময়সীমা:** দেড় ঘণ্টা (১.৫ ঘণ্টা)। এই সময়ের মধ্যেই সকল প্রশ্নের সমাধান লিখে জমা দিতে হবে।

মূল প্রশ্নপত্রের ধরন Sample Question Set অনুসরণ করো

মূল অলিম্পিয়াডের প্রশ্নপত্রে প্রদত্ত Sample Question & Answer বুকলেটের প্রশ্নগুলোর সাথে সাদৃশ্যপূর্ণ (Similar) প্রশ্ন আসবে

একই ধরনের ধারণা, একই মানের কাঠিন্য এবং একই সমাধান-কৌশল ব্যবহার করে প্রশ্নগুলো তৈরি করা হয়েছে।

তাই প্রতিযোগীদের জন্য পরামর্শ থাকবে- প্রদত্ত Sample Question Set যতটা সম্ভব ভালোভাবে অনুশীলন করা।

প্রতিটি নমুনা প্রশ্নের ধারণা, কৌশল ও ধাপে ধাপে সমাধান পদ্ধতি ভালোভাবে আয়ত্ত করতে পারলে মূল পরীক্ষায় প্রশ্নগুলো সমাধান করা অনেক সহজ হয়ে যাবে।

Categories

- **Junior Category:** ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি
- **Senior Category:** নবম ও দশম শ্রেণি

Syllabus & Question Structure

Junior ও Senior Category-এর জন্য সম্পূর্ণ পৃথক প্রশ্নপত্র প্রণয়ন করা হবে।

Junior Category: ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা একই প্রশ্নপত্রে অংশগ্রহণ করবে। তবে প্রতিটি শ্রেণি থেকে পৃথকভাবে বিজয়ী নির্বাচিত হবে অর্থাৎ, ষষ্ঠ শ্রেণি থেকে সেরা ৩ জন, সপ্তম শ্রেণি থেকে সেরা ৩ জন এবং অষ্টম শ্রেণি থেকে সেরা ৩ জন।

তবে কোনো Junior শিক্ষার্থী যদি Senior শিক্ষার্থীর চেয়ে বেশি নম্বর অর্জন করে, তাহলে তাকে বিশেষ সম্মাননা Giant Slayer প্রদান করা হবে Junior হয়েও Senior শিক্ষার্থীদের ছাড়িয়ে যাওয়ার স্বীকৃতিস্বরূপ।

Senior Category: নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীরা একই প্রশ্নপত্রে পরীক্ষা দেবে এবং উভয় শ্রেণির সম্মিলিত মেধাতালিকার ভিত্তিতে বিজয়ী নির্ধারণ করা হবে।

Marks Distribution

বিবরণ (Description)	নম্বর (Marks)
মোট প্রশ্ন	১৫টি
১৪টি সাধারণ প্রশ্ন (প্রতিটি সঠিক উত্তরে)	৫ নম্বর করে
১টি Special Wrong Question	সর্বোচ্চ ১০ নম্বর
১৪টি প্রশ্ন থেকে সর্বোচ্চ নম্বর	৭০
Special Wrong Question থেকে সর্বোচ্চ নম্বর	১০
সর্বোচ্চ মোট নম্বর	৮০
Negative Marking নেই	—

The Wrong Question Challenge

১৫টি প্রশ্নের মধ্যে ইচ্ছাকৃতভাবে একটি প্রশ্ন ভুল রাখা হবে। যে শিক্ষার্থী -

- ভুল প্রশ্নটি সঠিকভাবে শনাক্ত করবে,
- প্রশ্নটি সংশোধন করবে, এবং
- কেন প্রশ্নটি ভুল ছিল তা যথাযথভাবে ব্যাখ্যা করতে পারবে

তাকে ওই প্রশ্নের জন্য ১০ নম্বর প্রদান করা হবে। যে শিক্ষার্থী ভুল প্রশ্নটি শনাক্ত করতে বা যথাযথভাবে ব্যাখ্যা করতে ব্যর্থ হবে, সে ওই প্রশ্নে ০ নম্বর পাবে।

The Chocolate Problem

প্রশ্নপত্রে একটি বিশেষ ও আকর্ষণীয় "Chocolate Problem" থাকবে। যে শিক্ষার্থী সমস্যাটি সফলভাবে সমাধান করতে পারবে, তার জন্য থাকবে একটি বিশেষ Chocolate Reward!

Awards & Blitz Selection

Blue in Mathematics ও Blitz-এর যোগ্যতা নির্ধারণ

Blue in Mathematics - Class 9 & 10

লিখিত পরীক্ষায় কোনো শিক্ষার্থী ৭০ বা তার বেশি নম্বর অর্জন করলে সে "Blue in Mathematics" খেতাবের জন্য যোগ্য বিবেচিত হবে এবং একটি বিশেষ মেডেল পাবে।

একাধিক শিক্ষার্থী ৭০ বা তার বেশি নম্বর অর্জন করলে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে এই খেতাব প্রদান করা হবে। সর্বোচ্চ নম্বরে সমতা থাকলে নির্ধারিত Tie-Breaker-এর মাধ্যমে বিজয়ী নির্বাচন করা হবে।

> যদি কোনো শিক্ষার্থী ৭০ নম্বরের শর্ত পূরণ করতে না পারে, তাহলে Blue in Mathematics খেতাব কাউকে প্রদান করা হবে না।

Blitz Mathematics-এর জন্য যোগ্যতা

- যদি কোনো শিক্ষার্থী Blue in Mathematics অর্জন করে, তাহলে তাকে বাদ দিয়ে লিখিত পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত পরবর্তী ১০ জন শিক্ষার্থী Blitz Mathematics-এ অংশগ্রহণের সুযোগ পাবে।
- যদি কোনো শিক্ষার্থী ৭০ নম্বরের শর্ত পূরণ না করে, তাহলে লিখিত পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১০ জন শিক্ষার্থী Blitz Mathematics-এ অংশগ্রহণ করবে।

Blitz Mathematics-এর বিজয়ী শিক্ষার্থীকে "Red in Mathematics" খেতাব ও মেডেল প্রদান করা হবে। নির্বাচিত ১০ জনের মধ্যে বিজয়ী ছাড়া বাকি ৯ জন শিক্ষার্থী "Top 10" নির্দেশক মেডেল পাবে।

Blitz Mathematics

দ্রুততম সঠিক সমাধানের রুদ্ধশ্বাস প্রতিযোগিতা

Participants

লিখিত পরীক্ষার মেধাতালিকার ভিত্তিতে নির্বাচিত ১০ জন শিক্ষার্থী এই পর্বে অংশগ্রহণ করবে।

Rules

- নির্বাচিত ১০ জন শিক্ষার্থীকে ১০টি পৃথক সারিতে অবস্থান করতে হবে।
- প্রত্যেক সারিতে ক্রমানুসারে ৫টি টেবিল থাকবে এবং প্রতিটি টেবিলে থাকবে একটি করে স্বতন্ত্র গাণিতিক সমস্যা। বাঁশির সংকেতের সঙ্গে সঙ্গে প্রতিযোগিতা শুরু হবে।
- একটি টেবিলের সমস্যা সম্পূর্ণ ও সঠিকভাবে সমাধান না করা পর্যন্ত পরবর্তী টেবিলে অগ্রসর হওয়া যাবে না।
- নির্ধারিত ১৫ মিনিটের মধ্যে যে শিক্ষার্থী সবার আগে পাঁচটি সমস্যার সঠিক সমাধান সম্পন্ন করবে, তাকে Blitz Mathematics-এর বিজয়ী ঘোষণা করা হবে।
- বিজয়ীকে "Red in Mathematics" খেতাব ও মেডেল প্রদান করা হবে।

> নির্ধারিত ১৫ মিনিটের মধ্যে কোনো শিক্ষার্থী পাঁচটি সমস্যার সম্পূর্ণ সঠিক সমাধান করতে না পারলে Red in Mathematics খেতাব কাউকে প্রদান করা হবে না।

Treasure Hunt

For Class 8-10 দলগত ও রোমাঞ্চকর গাণিতিক অভিযান

Team Formation

- অষ্টম থেকে দশম শ্রেণির শিক্ষার্থীরা এই পর্বে অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিটি দলে সর্বনিম্ন ৩ জন এবং সর্বোচ্চ ৪ জন সদস্য থাকতে পারবে।
- মূল পর্বে সর্বোচ্চ ১০টি দল অংশগ্রহণ করতে পারবে।

Team Selection

আবেদনকারী দলের সংখ্যা ১০টির বেশি হলে একটি Preliminary Hunt Quiz আয়োজন করা হবে। সেই কুইজের ফলাফলের ভিত্তিতে সেরা ১০টি দল মূল Treasure Hunt-এ অংশগ্রহণের সুযোগ পাবে।

How the Hunt Works

- প্রতিটি দলকে শুরুতে একটি করে সিলগালা খাম দেওয়া হবে, যাতে থাকবে প্রথম গাণিতিক ধাঁধা।
- ধাঁধাটির সঠিক সমাধান পরবর্তী খামের অবস্থান নির্দেশ করবে।
- এভাবে ধাপে ধাপে মোট ৬টি স্থানে গিয়ে ৬টি গাণিতিক ক্লু ও ধাঁধা উদ্ধার করতে হবে।
- প্রতিটি ধাঁধার সমাধান পরবর্তী ধাপের পথ নির্দেশ করবে।
- সর্বশেষ ধাঁধাটি সফলভাবে সমাধান করতে পারলেই দলটি পৌঁছে যাবে কাঙ্ক্ষিত Treasure-এর কাছে!

Assistance

প্রতিযোগিতার নিয়ম, ধাঁধা বা অন্য কোনো জটিলতা সম্পর্কে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য পুরো সময়জুড়ে Volunteers নিয়োজিত থাকবে।

Art Competition

সৃজনশীলতা ও শৈল্পিক প্রতিভা প্রকাশের মঞ্চ

Participation Rules

এই পর্বে শিক্ষার্থীরা তাদের সৃজনশীলতা ও শৈল্পিক প্রতিভা প্রকাশের সুযোগ পাবে। প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি মৌলিক চিত্রকর্ম তৈরি করতে হবে। চিত্রকর্মটি উৎসবের দিন নির্ধারিত Venue-তে উপস্থিত থেকে সরাসরি আঁকতে হবে।

Artwork & Medium

যেকোনো নান্দনিক ও সৃজনশীল চিত্রকর্ম গ্রহণযোগ্য। ব্যবহৃত মাধ্যমের ক্ষেত্রে নির্দিষ্ট কোনো সীমাবদ্ধতা নেই, তবে প্রদর্শনীর উপযোগী হতে হবে।

Originality & Copyright

কোনো শিল্পকর্মের হুবহু নকল গ্রহণযোগ্য নয়। Internet বা অন্য কোনো শিল্পীর কাজ থেকে ধারণা বা অনুপ্রেরণা নেওয়া হলে যথাযথ Reference/Source উল্লেখ করতে হবে।

Science Project Showcase

তরুণ উদ্ভাবকদের সৃজনশীল চিন্তার মঞ্চ

Objective

তরুণ উদ্ভাবকদের বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর সৃজনশীল চিন্তা, উদ্ভাবনী ক্ষমতা এবং ব্যবহারিক দক্ষতাকে উৎসাহিত করাই এই পর্বের মূল উদ্দেশ্য।

Team Formation & Categories

- এককভাবে অংশগ্রহণ করা যাবে।
- সর্বোচ্চ ৩ জন সদস্য নিয়ে একটি দল গঠন করা যাবে।

Project Types

পদার্থবিজ্ঞান, পরিবেশবিজ্ঞান, রোবোটিক্স, তথ্যপ্রযুক্তি, নবায়নযোগ্য জ্বালানি অথবা অন্য যেকোনো উদ্ভাবনী ও ব্যবহারিক মডেল/প্রজেক্ট উপস্থাপন করা যাবে। প্রজেক্টটি বাস্তবে কতটা কার্যকরভাবে কাজ করে এবং অংশগ্রহণকারীরা সেটি কতটা সফলভাবে demonstrate করতে পারে, তা মূল্যায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ হবে।

Mark Distribution

Evaluation Criteria	Weight
Practicality	80%
Innovation	২৫%
Usefulness	২০%
Presentation	১৫%
Total	**১০০%**

Award

বিচারকদের চূড়ান্ত মূল্যায়নের ভিত্তিতে সেরা প্রকল্প নির্বাচন করা হবে। বিজয়ী প্রকল্পের সদস্যদের Young Innovators of the Year Award এবং মেডেল দেওয়া হবে

Event Schedule

দিনব্যাপী কার্যক্রমের সম্পূর্ণ সময়সূচি

Important: Olympiad পরীক্ষা ঠিক সকাল ১০:০০টায় শুরু হবে। নির্ধারিত সময়ের পরে কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করলে তাকে অতিরিক্ত সময় (Extra Minutes) দেওয়া হবে না।

সময় (Time)	কার্যক্রম (Activity)
৯:৩০- ১০:00	Opening Ceremony
১০:০০- ১১:৩০	Senior Olympiad
১০:০০ ১১:৩০	Junior Olympiad
১১:৩০ ১২:০০	Hunt Quiz + Briefing
১২:০০- ১২:৪৫	Treasure Hunt
১২:৪৫ ১:৩০	Lunch
১:৩০ - ২:০০	Jumu'ah
২:১৫- ৩:০০	Drawing
৩:১০৩:৩০	Blitz Mathematics
৪:০০-৫:০০	Closing Ceremony
সারাদিন জুড়ে (Throughout the Day)	**Science Project Display**

***শিক্ষার্থীদের অবশ্যই সকাল ১০টার আগে উপস্থিত থেকে তার রেজিস্ট্রেশন কমপ্লিট করতে হবে

২০১৯ ম্যাথ কার্নিভালের কিছু স্থিরচিত্রঃ











২০২৪ শিক্ষা উৎসবের কিছু স্থিরচিত্রঃ



















২০২৫ জ্যামিতি অলিম্পিয়াডের কিছু স্থিরচিত্রঃ



















INCEPTION PRESENTS

MATHEMATICS OLYMPIAD 2026

ভেন্যু ও সময়সূচি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

ভেন্যু
নবীনগর সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

তারিখ
১৬ অক্টোবর ২০২৬

রিপোর্টিং টাইম
সকাল ৯টা থেকে সাড়ে ৯টা

⚠️ **বিশেষ দ্রষ্টব্য**

দেরিতে ভেন্যুতে পৌঁছানোর কারণে কেউ কোনো ইভেন্টে অংশ নিতে না পারলে, তার জন্য কোনো বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হবে না।

☎️ **যেকোনো প্রয়োজনে যোগাযোগ করুন**

01749690487
01646552090
01521759100

IGNITING IDEAS, SHAPING FUTURES